DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 16 Aug 2026, 09:14 AM

আন্তর্জাতিক

# ওমানকে নিয়ে হরমুজে নৌপথ বানাচ্ছে ইরান

প্রতিবেদক: আন্তর্জাতিক ডেস্ক
প্রকাশের তারিখ: রোববার, ১৬ আগস্ট ২০২৬, ০২:৫০ PM




হরমুজ প্রণালিতে জাহাজ চলাচলের জন্য একটি অস্থায়ী নৌপথ নির্ধারণে ইরান ও ওমান কাজ করছে বলে জানিয়েছেন ইরানি পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাগচি। শাহরারা নিউজকে দেওয়া সাক্ষাৎকারে তিনি এ কথা বলেন।

তিনি স্পষ্ট করে বলেন, ওমানের সঙ্গে ইরানের আলোচনা এবং হরমুজ প্রণালি পুনরায় খুলে দেওয়াদুটি আলাদা বিষয়।

তিনি আরও বলেন, ওমানের সঙ্গে আলোচনা চলছে। তবে এটি মূলত হরমুজ প্রণালিতে জাহাজ চলাচলের জন্য নতুন নৌপথ নির্ধারণের একটি কৌশলগত আলোচনা।

তিনি বলেন, আগে যে নৌপথগুলো ছিল, সেগুলো এখন আর কার্যকর নেই। তাই নতুন একটি পথ নির্ধারণ করতে হবে। আপাতত আমরা একটি অস্থায়ী নৌপথ তৈরি করছি, যা পরে প্রয়োজন অনুযায়ী স্থায়ী নৌপথে রূপ দেওয়া যেতে পারে।

ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে স্বাক্ষরিত ইসলামাবাদ সমঝোতা স্মারকের ৫ নম্বর ধারায় হরমুজ প্রণালির নিরাপত্তা ও ভবিষ্যৎ ব্যবস্থাপনায় ইরানের ভূমিকার কথা বলা হয়েছে। এর মধ্যে সমুদ্র থেকে মাইন অপসারণের বিষয়টিও রয়েছে।

এই ধারার ভিত্তিতে ইরান ও ওমান একটি যৌথ ওয়ার্কিং গ্রুপ গঠন করেছে। জলপথটির ব্যবস্থাপনা নিয়ে দুই দেশ আলোচনা চালিয়ে যাচ্ছে।

আরাগচি বলেন, �আমরা শিগগিরই একটি সমাধানে পৌঁছাতে পারি। তবে আবারও বলছি, এই আলোচনা এবং হরমুজ প্রণালি খুলে দেওয়া�দুটি পৃথক বিষয়।�

তিনি আরও জানান, নতুন নৌপথ নির্ধারণ হয়ে গেলেও হরমুজ প্রণালি কবে খুলবে, তা নির্ভর করবে অন্যান্য কিছু শর্ত পূরণের ওপর আর এসব শর্ত যুক্তরাষ্ট্রকে পূরণ করতে হবে।�

তথ্যসূত্র: মিডল ইস্ট আই

---


## এ বিভাগের আরও খবর



**বাড়তে পারে মক্কা প্রতিরক্ষা জোটের পরিধি**

তুরস্ক, সৌদি আরব ও পাকিস্তানের মধ্যে সম্প্রতি স্বাক্ষরিত মক্কা যৌথ প্রতিরক্ষা চুক্তিতে মিসরও যোগ দিতে পারে বলে জানিয়েছেন তুরস্কের প্রেসিডেন্...



**গাজায় দুই ভবনের ধ্বংসস্তূপে মিললো ২১ ফিলিস্তিনির কঙ্কাল**

ফিলিস্তিনের অবরুদ্ধ গাজা উপত্যকার দুটি ক্ষতিগ্রস্ত ভবনের ধ্বংসস্তূপের নিচ থেকে ২১ জন ফিলিস্তিনির দেহাবশেষ (কঙ্কাল) উদ্ধার করেছে উদ্ধারকারী দ...




### ইন্দোনেশিয়ায় ভয়াবহ ভূমিকম্প, নিহত বেড়ে ৪৭

ইন্দোনেশিয়ার পূর্বাঞ্চলে ৭ দশমিক ৭ মাত্রার শক্তিশালী ভূমিকম্পে নিহতের সংখ্যা বেড়ে ৪৭ জনে দাঁড়িয়েছে। দেশটির জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা সংস্থার...



### লেবাননে ইসরাইলি বিমান হামলায় ৩ শিশুসহ নিহত ১১

দক্ষিণ লেবাননে ইসরাইলি বিমান হামলায় অন্তত ১১ জন নিহত হয়েছেন।  নিহতদের মধ্যে তিন শিশু রয়েছে। শনিবারের (১৫ আগস্ট) এ হামলাকে গত জুনে ইসরাই...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/international/omanke-niye-hrmuje-noupth-banachchhe-iran